

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
রাজবাড়ী
www.rajbari.gov.bd

নং- ১৭.১১.৮২০০.০০০.৩৬.০০৮.২৩- ৬০২

তারিখ : ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩


গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি আবু কায়সার খান, জেলা প্রশাসক, রাজবাড়ী ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ের রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্ব স্ব ব্যালট বাজে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২১০ রাজবাড়ী-২ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাংশা/কালুখালী/বালিয়াকান্দি, রাজবাড়ী) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।


(আবু কায়সার খান)
জেলা প্রশাসক, রাজবাড়ী

তারিখ : ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

রিটার্নিং অফিসার
২১০ রাজবাড়ী-২
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন : ০২৪৭৮৮০৭৫৩৩
Email: dcrajbari@mopa.gov.bd


নং- ১৭.১১.৮২০০.০০০.৩৬.০০৮.১২- ৬০২/৩ (২৪)

তারিখ : ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর
- ৪। পুলিশ সুপার, রাজবাড়ী
- ৫। জেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা/কালুখালী/বালিয়াকান্দি, রাজবাড়ী ও সহকারী রিটার্নিং অফিসার (গণ-বিজ্ঞপ্তি তীর উপজেলায় বহল প্রচারের জন্য শ্রেণণ করা হলো)
- ৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজবাড়ী
- ৮। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী (জীকে সংশ্লিষ্ট এলাকায় ব্যাপকভাবে প্রচারের অনুরোধ করা হলো)
- ৯। উপজেলা নির্বাচন অফিসার,.....(সকল), রাজবাড়ী
- ১০। অফিসার ইনচার্জ, পাংশা/কালুখালী/বালিয়াকান্দি থানা, রাজবাড়ী
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক,..... প্রেসক্লাব
- ১২। নোটিশ বোর্ড,.....

তারিখ : ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


(আবু কায়সার খান)
জেলা প্রশাসক, রাজবাড়ী
ও
রিটার্নিং অফিসার
২১০ রাজবাড়ী-২
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন